# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ পালনকালে যেসব ক্ষেত্রে নারী, পুরুষ থেকে ভিন্ন

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হজ্জ অবস্থায় নারীর পোশাক পরিচ্ছদ

এহরামের ক্ষেত্রে নারীর আলাদা কোনো পোশাক নেই। শালীন ও ঢিলে-ঢালা পর্দা বজায় থাকে এ ধরনের যে কোনো পোশাক পরে নারী এহরাম বাঁধতে পারে। এহরাম অবস্থায় সেলাইযুক্ত কাপড় পরা ও মাথা আবৃত করা পুরুষের জন্য নিষিদ্ধ হলেও নারীর জন্য নিষিদ্ধ নয়। এ ব্যাপারে ইমাম ইবনুল মুনযির ও ইবনে আব্দিল বার ইমামদের ইজমা- ঐকমত্যের কথা উল্লেখ করেছেন।[1]

তবে এহরাম অবস্থায় নিকাব বা অনুরূপ কোনো পরিচ্ছদ দিয়ে চেহারা ঢাকা বৈধ নয়। হাদিসে এসেছে, 'নারী যেন নেকাব না লাগায় ও হাতমোজা না পরে।[2] তবে এর অর্থ এ নয় যে বেগানা পুরুষের সামনেও নারী তার চেহারা খোলা রাখবে, এ ক্ষেত্রে ওলামাগণ ঐকমত্য পোষণ করেছেন যে মাথার উপর থেকে চাদর ঝুলিয়ে দিয়ে চেহারা ঢেকে নারীগণ বেগানা পুরুষ থেকে পর্দা করবে।[3] এ ব্যাপারে আয়েশা (রাঃ) থেকে একটি বর্ণনা ওপরে উল্লেখিত হয়েছে।

## ফুটনোট

[1] - দেখুন , ইবনুল মুনযির : আল ইজমা , পৃ :১৮, ইবনু আব্দিল বার : আত্তামহীদ , পৃ :১৫-১০৪

[2] – لا تنتقب المرأة ولا تلبس القفازين (বোখারি : হাদিস নং )

[3] - ইবনু আব্দিল বার: আত্তামহীদ, ১৫/১০৮

Source — https://www.hadithbd.com/books/link/?id=3555

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন